সুপার টেনিক (ভেট) ওরাল পাউডার
Super Tanic (Vet) Oral Powder

(ফেরাস সালফেট বিপি + কপার সালফেট বিপি + কোবাল্ট সালফেট বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতি ১০০ গ্রামে রয়েছে-
ফেরাস সালফেট বিপি ৮০ গ্রাম
কপার সালফেট বিপি ১৯.৫০ গ্রাম
কোবাল্ট সালফেট বিপি ০.৫০ গ্রাম

বিবরণঃ ফেরাস সালফেট, কপার সালফেট এবং কোবাল্ট সালফেট-এর সমন্বয়ে তৈরি **সুপার টেনিক (ভেট)** ওরাল পাউডার গবাদি প্রাণির একটি রক্তবর্ধক ঔষধ।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ সুপার টেনিক (ভেট) ওরাল পাউডারে ব্যবহৃত কোবাল্ট সালফেট একটি অত্যাবশ্যক উপাদান যা প্রাণির রুমেন মাইক্রোফ্লোরার স্বাভাবিক কার্যকারীতা নিশ্চিত করে। ফেরাস সালফেট যা রক্ত কনিকা বৃদ্ধি ও রক্তক্ষরণের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করে।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ
গবাদি প্রাণির রক্ত স্বল্পতা ও ক্ষুদামন্দা দূর করে। প্রাণির খাবারে অরুচি দূর করে এবং খাবারের আগ্রহ বৃদ্ধি করে। কৃমিনাশক খাওয়ানোর পর **সুপার টেনিক (ভেট)** সেবন করালে প্রাণি খুব দ্রুত মোটাতাজা হয়। গবাদি প্রাণির "কাডড্রপিং" (জাবর কাটার সময় খাবার উগরিয়ে ফেলে দেওয়া) সমস্যায় **সুপার টেনিক (ভেট)** ওরাল পাউডার ব্যবহারে ভাল ফলাফল পাওয়া যায়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
প্রতি ৫০ কেজি দৈহিক ওজনের প্রাণির জন্য ১০ গ্রাম প্যাকেটের সবটুকু পাউডার এক লিটার খাবার পানিতে ভালোভাবে মিশিয়ে দৈনিক ২ বার করে ২ দিন খাওয়াতে হবে। প্রয়োজনে চিকিৎসার পুনরাবৃত্তি করা যেতে পারে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ ফেরাস সালফেট, কপার সালফেট এবং কোবাল্ট সালফেট-এর প্রতি অতিসংবেদনশীল প্রাণিতে প্রতিনির্দেশিত।

সতর্কতাঃ চিকিৎসা কালীন এবং চিকিৎসা পরবর্তী সময়ে প্রাণিকে পর্যাপ্ত পানি পান করানো উচিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ নির্ধারিত মাত্রায় প্রয়োগে **সুপার টেনিক (ভেট)** ওরাল পাউডারের কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে ব্যবহারঃ গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে **সুপার টেনিক (ভেট)** ওরাল পাউডার ব্যবহার করা যায়।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ
ঔষধের সাথে- পর্যাপ্ত তথ্য পাওয়া যায় নি।
খাদ্যের সাথে- অজানা।

প্রত্যাহার কালঃ প্রযোজ্য নহে।

সংরক্ষণঃ আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহঃ ১০x১০ গ্রাম স্যাশেট/বক্স ও ২০ গ্রাম স্যাশেট।

"শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য"



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Web: www.superpowerpharma.com